



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.১১৮.৩৭.০০২.২১.১৬১

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

সাইদুর রহমান রিপন, পদবী: স্বত্বাধিকারী, মেসার্স ইসলাম এন্ড সন্স, ঠিকানা: ২১, আকাশ প্লাজা, সেক্টর-৯, উত্তরা,
ঢাকা-১২৩০।

বিষয়: তিতাস গ্যাসের ১.৩ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড সন্সকে সতর্কীকরণ প্রসঙ্গে।

জনাব,

মেসার্স লিন্ডা টেক্সটাইল এন্ড ডাইং লি. (গ্রাহক সংকেত নং: ৮৯১-০০৮১), কালিয়াকৈর, গাজীপুর এর ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে নতুন সংযোগ কার্যকরের জন্য গ্রাহক ব্যয়ে ৬ ইঞ্চি ব্যাসের ৫০ পিএসআইজি বিতরণ লাইন নির্মাণ পরবর্তী টাই-ইন কাজ সম্পাদনের লক্ষ্যে গত ০৭/০৬/২০২৪ তারিখে ১৫:০০ ঘটিকা হতে ২০:০০ ঘটিকা পর্যন্ত মোট ৫ ঘন্টা সময়সীমা নির্ধারণ করা হয়। এ কাজের জন্য গ্রাহক প্রতিষ্ঠান কর্তৃক ঠিকাদার হিসেবে মেসার্স সালাম এন্টারপ্রাইজ, ঠিকানা: ক-৩, পোস্ট অফিস রোড, খিলক্ষেত, ঢাকা-১২৩০ নিয়োগ করা হয়। কিন্তু কার্যস্থলে শুরুর থেকে পাইপলাইন নির্মাণসহ অন্যান্য কার্যাদি মেসার্স সালাম এন্টারপ্রাইজ এর পরিবর্তে আপনার মালিকানাধীন প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড সন্স ২১, আকাশ প্লাজা, সেক্টর-৯, উত্তরা, ঢাকা-১২৩০ এর জনবলের মাধ্যমে সম্পাদন করতে দেখা যায়।

গ্রাহক কর্তৃক মেসার্স সালাম এন্টারপ্রাইজকে নিয়োগ করা হলেও মূল ঠিকাদারের পরিবর্তে আপনি আপনার প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড সন্স এর জনবলের মাধ্যমে কার্য সম্পাদনের প্রয়াস চালান। ফলশ্রুতিতে নির্ধারিত সময়সীমার মধ্যে টাই-ইন কাজ শেষ করা যায়নি। এতে কার্য সমাপ্তিতে অহেতুক বিলম্ব, গ্রাহক ভোগান্তি এবং চুক্তি মোতাবেক তিতাস গ্যাস কর্তৃপক্ষকে অবহিত করণের বিধান প্রতিপালনে শৈথিল্য দেখা যায় যা কাম্য নয়। ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ হতে বিরত থাকার জন্য আপনাকে সতর্ক করা হল। ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটলে আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

১৩-১১-২০২৪


প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক

নম্বর: ২৮.১৩.০০০০.১১৮.৩৭.০০২.২১.১৬১/১ (৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল)।
- ২। উপমহাব্যবস্থাপক (সকল)।
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৪। ব্যবস্থাপক (হিসাব) সকল।।
- ৫। ব্যবস্থাপক (সময়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



১৩-১১-২০২৪

প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক